দৈনিক বাংলা

তারিখ ...06 MAY 1991...
পৃষ্ঠা... 4 ...কলাম... 6 ...

15

# এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ৫৪০ জন বহিষ্কৃত

24

।। স্টাফ রিপোর্টার ।।

এস এস সি ইংরেজী পরীক্ষার দিনে গতকাল ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৫৪০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

সবচেয়ে বেশী সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কার করা হয়েছে ময়মনসিংহ জেলায়। বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ১৪৫। জামালপুরের বকশীগঞ্জ উপ-জেলায় জনৈক পরীক্ষার্থিনীর মামা একজন পরীক্ষককে প্রাণনাশের হুমকি দিলে সেই ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

আমাদের জামালপুর সংবাদদাতা জানান, সকালে ইংরেজী প্রথম পত্রের পরীক্ষার সময় নকল করার দায়ে একজন পরীক্ষার্থিনীকে বহিষ্কার করা হয়। ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষা চলার সময়ে ওই পরীক্ষার্থিনীর মামা রফি-কুল ইসলাম সংশ্লিষ্ট পরীক্ষককে প্রাণনাশের হুমকি দেন। পুলিশ রফি-কুলকে গ্রেফতার করে। আজ ভ্রাম্যমাণ আদালত তাকে ১৫দিনের সশ্রম কারা-দন্ড দিয়েছে।